

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০৩.০০.০০৫.২০১০-৭০৬

তারিখঃ ২০.০৭.১৪২২
২৫.১০.২০১৫

আদেশ

যেহেতু, ডাঃ আ. প. ম. সোহরাবুজ্জামান (৩৪২৭৮), সহকারী অধ্যাপক (কার্ডিওলজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে গত ০৫.০৬.২০০২খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

যেহেতু, ডাঃ আ. প. ম. সোহরাবুজ্জামান (৩৪২৭৮) একনাগাড়ে ০৫ বছরের অধিক চাকুরীতে অনুপস্থিত থাকায় বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ অনুযায়ী তীর চাকুরী অবসান ঘটানোর নিমিত্ত কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণ করেন;

যেহেতু, প্রাপ্ত জবাব, ব্যক্তিগত শুনানী এবং প্রাপ্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে দাখিলকৃত জবাব গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তীর চাকুরী অবসান ঘটানোর সিদ্ধান্ত না নিয়ে তীর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে বিনানবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে তাকে চাকুরিতে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;


যেহেতু, ডাঃ আ. প. ম. সোহরাবুজ্জামান (৩৪২৭৮) একনাগারে ০৫(পাঁচ) বছরের অধিক কর্মস্থলে অনুপস্থিত থাকায় ও তিনি বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রথম শ্রেণীর কর্মকর্তা বিধায় বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক তাকে চাকুরিতে পুনর্বহালের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রস্তাব উপস্থাপন করা হয় ;

যেহেতু, বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি ডাঃ আ. প. ম. সোহরাবুজ্জামান (৩৪২৭৮)-কে চাকুরিতে পুনর্বহাল করে ২০.০৯.২০০৮ তারিখ থেকে অবসর প্রদান করার প্রস্তাবে গত ২৮.০৯.২০১৫খ্রিঃ তারিখে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

এক্ষনে সেহেতু, মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতির প্রেক্ষিতে ডাঃ আ. প. ম. সোহরাবুজ্জামান (৩৪২৭৮) এর অননুমোদিত অনুপস্থিতকালীন সময়কে অর্থাৎ ০৫.০৬.২০০২ হতে ২০.০৯.২০০৮ তারিখ পর্যন্ত সময়-কে “not counting towards service এবং without pay” হিসেবে গণ্য করে তাকে চাকুরিতে পুনর্বহাল করে ২০.০৯.২০০৮ তারিখ থেকে অবসর প্রদান করা হল। পেনশন প্রাপ্তির জন্য তীর চাকুরিকাল গণনা করা হবে ২১ বছর ০৭ মাস ০৮ দিন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং ৪৫.১৫০.০২৭.০৩.০০.০০৫.২০১০-

তারিখঃ- ২৫.১০.২০১৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন/এমআইএস/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, ঢাকা।
- ৪। উপসচিব (পার-১ অধিশাখা/পার-৫ অধিশাখা/বাজেট অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। ডাঃ আ. প. ম. সোহরাবুজ্জামান (৩৪২৭৮), সহকারী অধ্যাপক (কার্ডিওলজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (যোগাযোগ ঠিকানাঃ ফ্ল্যাট-বি-১, বাড়ী-১০, সড়ক-৬৭, গুলশান-২, ঢাকা-১২১২)।


২০/১০/২০১৫
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd